আজকের কাগজ

তারিখ ... 31 OCT 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

48

# সুন্দইল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

গোবিন্দগঞ্জ থানার তালুককানুপুর ইউনিয়নের সুন্দইল দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ভুয়া কর্মচারি নিয়োগ দেখিয়ে বেতন উত্তোলন, আড়াই লাখ টাকা আত্মসাৎ এবং কর্মচারি নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। বিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে একজন তৃতীয় শ্রেণীর কর্মচারি থাকলেও প্রধান শিক্ষক সাহেব আরো একজন ভুয়া তৃতীয় শ্রেণীর কর্মচারি নিয়োগ দেখিয়ে আগস্ট/৯১ থেকে জুন/৯২ পর্যন্ত সরকারি অনুদান উত্তোলন করে আত্মসাৎ করে। গত ১/১০/৮৯ ইং তারিখ মোতাবেক স্মারক নং-৪২৬/৬ অনুযায়ী সরকার গৃহনির্মাণের জন্যে ৭৫ হাজার টাকা বরাদ্দ করলেও উক্ত বরাদ্দের কাজ সম্পন্ন না করে বিভিন্ন কিস্তিতে অধিকাংশ টাকা উত্তোলন করে আত্মসাৎ করে। তিনি বিদ্যালয়ের জমির বরগাদারদের সহযোগিতায় তাদের কাছ থেকে গৃহীত প্রায় ২ লাখ টাকা বিদ্যালয় ফান্ডে জমা দেননি। সোনালী ব্যাংক গোবিন্দগঞ্জ শাখায় হিসাব নং ১৪৫/৯ চলতি বছরে সাধারণ তহবিলে ১০ হাজার টাকা জমা থাকলেও উক্ত হিসাব নম্বরে মাত্র ৩৫ টাকা অবশিষ্ট আছে।

প্রধান শিক্ষক বিদ্যালয়ে আরো একজন কর্মচারি নিয়োগের জন্যে সাক্ষাৎকার গ্রহণ করলেও নিয়োগের ব্যাপারে টালবাহানা করছে এবং পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি দেয়ার পাঁয়তারা চালাচ্ছেন। এলাকার অভিভাবক মহল এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছে। গোবিন্দগঞ্জ থেকে গোপাল মোহন্ত।